অতীব জরুরী

শেখ হাসিনার দর্শন
সর্ব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০১.১৫. ২৭৫৫

তারিখঃ ২৩ অগ্রহায়ন ১৪২৩
০৭ ডিসেম্বর ২০১৬

বিষয়: জেলা পরিষদ নির্বাচন ২০১৬ এ অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত বিধি-বিধানের আলোকে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ এবং জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষিত হওয়ায় ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও স্থানান্তর প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জেলা পরিষদ নির্বাচন ২০১৬ এ অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত বিধি-বিধানের আলোকে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের ২৮ নভেম্বর ২০১৬ তারিখের ৫৩.০০.০০০০.৩৩১.০৯.০০৮.১৬-৩০৮ নং পরিপত্র এবং জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষিত হওয়ায় ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও স্থানান্তর সংক্রান্ত নির্বাচন কমিশনের ২৩ নভেম্বর ২০১৬ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৭.১৬(অংশ)-৩৭৩ নং পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

০৭.১২.১৬

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইল ঃ lgzp@lgd.gov.bd

১। জেলা প্রশাসক
৬১টি জেলা (তিনটি পার্বত্য জেলা ব্যতীত)।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা
৬১টি জেলা পরিষদ (তিনটি পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

Com-1\D:\2015-16\Zp Rules 2000 Amendment\Letter.docx83

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
27 NOV 2016
ডায়েরী নং ২৯০৮

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব ১) প্রশাসন
২) মহাপরিচালক ২) উন্নয়ন
৩) যুগ্ম-সচিব ৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন
নম্বরঃ
তারিখঃ
স্বাক্ষর

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৭.১৬ (অংশ)-৩৭৩ তারিখ : ২৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষিত হওয়ায় ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি ও স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যে, ২০ নভেম্বর ২০১৬ তারিখে জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। ফলে ২০ নভেম্বর ২০১৬ তারিখের পর থেকে ০১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষিত এলাকাগুলোতে সকল প্রকারের ভোটার তালিকায় ভোটারের নাম স্থানান্তরের কার্যক্রম বন্ধ রাখতে হবে এবং ২০ নভেম্বর ২০১৬ তারিখের পর যারা নতুন ভোটার হিসেবে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত হবেন তারা জেলা পরিষদ নির্বাচন ২০১৬ এ অংশ গ্রহণ করতে পারবেন না বলে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ

২৩-১১-১৬
(রৌশন আরা বেগম)
সহকারী সচিব(নিঃসঃ-২)
ফোন ঃ ৯১৮০৭৪৭

প্রাপকঃ

উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার,..(সকল)

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৭.১৬ (অংশ)-৩৭৩ তারিখ : ২৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব, ...স্থানীয় সরকার বিভাগ..........(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৩। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৪। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/র‍্যাব, ঢাকা
৫। বিভাগীয় কমিশনার,..(সকল)
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ইসলামিক ফাউন্ডেশন ভবন, ঢাকা
৭। মহাপরিচালক শিক্ষা/প্রাথমিক শিক্ষা/গণ শিক্ষা/উপ আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর
৮। যুগ্ম-সচিব (নি:ব্য:১/২ও আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা(নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। জেলা প্রশাসক,..(সকল)
১২। উপ-পরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩। পুলিশ সুপার..(সকল)
১৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,..(সকল)
১৫। উপ-সচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

ক্রমিক নং .... তারিখ........
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব
উপ-সচিব
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ অধিশাখা
ডাইরী নং ....
তারিখ ....
উপ-সচিব

সর্বোচ্চ অগ্রাধিকার
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ নির্বাচন

১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব

১) প্রশাসন
২) উন্নয়ন
৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন

নম্বরঃ.........
তারিখঃ ২৯/১১/১৬
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.bfid.gov.bd

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
একান্ত সচিব

নথি নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.০৯.০০৮.১৬-৩০৮

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৩ / ২৮ নভেম্বর ২০১৬

পরিপত্র

বিষয়: জেলা পরিষদ নির্বাচন ২০১৬ এ অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের ঋণ খেলাপ সংক্রান্ত বিধি-বিধানের আলোকে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ বুধবার জেলা পরিষদ নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে **(পরিশিষ্ট-ক)**। *জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৬(২)(ঝ) অনুসারে ঋণ খেলাপীগণ* নির্বাচনে অযোগ্য বিবেচিত হবেন **(আইনের উদ্ধৃতাংশ পরিশিষ্ট-খ)**। এই আইনের বিধান অনুযায়ী ঋণ খেলাপী ব্যক্তিগণ জেলা পরিষদ নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না এবং জেলা পরিষদ নির্বাচনে ঋণ খেলাপী ব্যক্তিগণকে যাহাতে নির্বাচনের প্রার্থী হিসাবে অযোগ্য ঘোষণা করা যায় তাহার জন্য আইনে নির্ধারিত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ নিশ্চিত করা আবশ্যক।

০২. জেলা পরিষদ আইন, ২০০০ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ঋণ খেলাপী ব্যক্তিগণ চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না বিধায় আসন্ন জেলা পরিষদ আইন, ২০০০ নির্বাচনে ঋণ খেলাপী ব্যক্তিগণকে যাহাতে নির্বাচনে প্রার্থী হিসাবে অযোগ্য ঘোষণা করা যায় সেই জন্য আইনে নির্ধারিত সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হইতে নিম্নবর্ণিত বিষয়ের প্রতি গুরুত্ব প্রদানপূর্বক ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য জরুরি ভিত্তিতে রিটার্নিং অফিসারকে সরবরাহ করিবার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

০৩. এতদপ্রেক্ষিতে জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৬(১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, কোন ব্যক্তি চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;
(খ) তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়; এবং
(গ) তাঁহার নাম জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রস্তুতকৃত আপাততঃ বলবৎ ভোটার তালিকার যে অংশ সংশ্লিষ্ট জেলাভুক্ত অথবা, ক্ষেত্রমত, উক্ত জেলার সংশ্লিষ্ট ওয়ার্ডভুক্ত এলাকা সংক্রান্ত সেই অংশের অন্তর্ভুক্ত থাকে।

(২) কোন ব্যক্তি চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য নির্বাচিত হইবার এবং থাকিবার যোগ্য হইবে না, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;
(খ) তাহাকে কোন আদালত অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করে;
(গ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;
(ঘ) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্থ হইয়া অন্যূন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তি লাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;
(ঙ) তিনি প্রজাতন্ত্রের বা পরিষদের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন কর্মে লাভজনক সার্বক্ষণিক পদে অধিষ্ঠিত থাকেন;

ক্রমিক নং.........তারিখ.........
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো।
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব।
উপ-সচিব।
সিঃ সঃ সচিব।
পার্সোনাল অফিসার

চলমান পাতা-০২

[(চ) তিনি জাতীয় সংসদের সদস্য বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সদস্য বা জেলা পরিষদের প্রশাসক হন বা থাকেন;

তবে শর্ত থাকে যে, জেলা পরিষদের প্রশাসক পদত্যাগ সাপেক্ষে নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন;]

(ছ) তিনি পরিষদের কোন কাজ সম্পাদনের বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের অংশীদার হন বা পরিষদের কোন বিষয়ে তাঁহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে বা তিনি সরকার কর্তৃক নিযুক্ত অত্যাবশ্যক কোন দ্রব্যের দোকানদার হন;

(জ) তিনি একইসঙ্গে চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যের দুই বা ততোধিক পদে প্রার্থী হন;

(ঝ) তাঁহার নিকট কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী থাকে।

ব্যাখ্যা-এই উপধারার উদ্দেশ্য পূরণকল্পে-

(ক) "ব্যাংক" অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২(ড)তে সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী;

(খ) "আর্থিক প্রতিষ্ঠান" অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭নং আইন), এর ধারা ২(খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান।

কোন ব্যাংক, বিশেষায়িত ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের অর্থ বা উক্ত ঋণের কোন কিস্তি পরিশোধে খেলাপী হইয়া থাকিলে, জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য পদে নির্বাচিত হইবার অযোগ্য হইবেন।

০৪. যদি কেহ কোন ঋণ খেলাপী কোম্পানী/ব্যাংক/ফার্ম/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক পদ হইতে পদত্যাগ করেন তাহা হইলে ইহা বৈধ বলিয়া গণ্য হইবে না যতক্ষণ পর্যন্ত না ব্যাংক কোম্পানী আইনের সংশ্লিষ্ট বিধানের অধীনে এবং ক্ষেত্রমতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংক ব্যবস্থাপনার সম্মতিক্রমে উক্ত পরিবর্তন রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক গৃহীত হইয়া সংশ্লিষ্ট দলিলাদি সংশোধন করা হইবে।

০৫. ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য মনোনয়নপত্র বাছাইয়ের দিন কিংবা তৎপূর্বে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে প্রদান করিতে হইবে। এই ব্যাপারে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:

(ক) সংশ্লিষ্ট সকল ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ এই সংক্রান্ত আইন ও উহার ব্যাখ্যা অনুসারে সকল হিসাব হালনাগাদ করিয়া খেলাপী ঋণ গ্রহীতাদের একটি তালিকা প্রস্তুত করিবেন।

(খ) শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ রিটার্নিং অফিসারদের নিকট হইতে অথবা বিভিন্ন জাতীয় দৈনিক এ প্রকাশিত অথবা অন্য কোন উৎস হইতে প্রাপ্ত প্রার্থীদের তালিকার সহিত শাখাসমূহে হালনাগাদকৃত খেলাপী ঋণ গ্রহীতার তালিকা মিলাইয়া দেখিবেন এবং তাহার শাখাভুক্ত কোন ঋণ খেলাপী প্রার্থী হইয়াছে কিনা উহা নিশ্চিত হইবেন।

(গ) সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ মনোনয়ন পত্র দাখিলের পর পরই স্ব-স্ব উদ্যোগে রিটার্নিং অফিসারের নিকট হইতে (পরিশিষ্ট-গ) প্রার্থীদের (পিতা/মাতা/স্বামীর নাম ও ঠিকানাসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য) তালিকা সংগ্রহ করিবেন এবং প্রার্থীদের ঋণ খেলাপী সম্পর্কিত তথ্যসহ উহার এক প্রস্থ ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর সিইও/ব্যবস্থাপনা পরিচালক এর নিকট হইতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রেরণ করিবেন।

(ঘ) কোন খেলাপী ঋণ গ্রহীতা মনোনয়নপত্র দাখিল করিয়া থাকিলে সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ অনতিবিলম্বে ঋণ খেলাপী সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(ঙ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র যাচাই/বাছাইয়ের সময় সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য ও কাগজপত্রসহ উপস্থিত থাকিবেন।

০৬. যে সকল প্রার্থী নিজস্ব নির্বাচনী এলাকার পরিবর্তে অন্যত্র ব্যাংক হিসাব বা ঋণ হিসাব পরিচালনা করিয়া আসিতেছেন, তাঁহাদের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য নিম্নোক্ত পদ্ধতিতে সংরক্ষণ ও সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে সরবরাহ করিতে হইবে:

(ক) প্রার্থীদের একটি তালিকা নির্বাচন কমিশন/সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর নিকট হইতে সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর সিইও/ব্যবস্থাপনা পরিচালক বিশেষ বাহক মারফত সংগ্রহ করিবেন।

(খ) তালিকা প্রাপ্তির সাথে সাথে সংশ্লিষ্ট সিইও/ব্যবস্থাপনা পরিচালক ইতোমধ্যে হালনাগাদকৃত খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকার সহিত উহা মিলাইয়া দেখিবার ব্যবস্থা করিবেন এবং পুনঃযাচাই করিয়া ঋণ খেলাপের তথ্যসহ তালিকার এক প্রস্থ প্রস্তুত করিয়া বিশেষ বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে নির্বাচন কমিশন, বাংলাদেশ ব্যাংক (সিআইবি) ও ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট প্রেরণ করিবেন।

(গ) সকল সিইও/ব্যবস্থাপনা পরিচালক হইতে পুনঃযাচাইকৃত তথ্য পাওয়ার পর ঋণ খেলাপ সম্পর্কিত তথ্যসহ তালিকা সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করিবেন। ইহা ব্যতীত নির্বাচন কমিশন সচিবালয়ের অবগতির জন্যও উক্ত তালিকার এক প্রস্থ বিশেষ বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রেরণ করিবেন।

(ঘ) বাংলাদেশ ব্যাংকের "ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB)" সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং নির্বাচন কমিশনের নিকট প্রার্থীগণের ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য সরাসরি বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইলযোগে প্রেরণ করিবে।

(ঙ) সকল ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর সিইও/ব্যবস্থাপনা পরিচালক হালনাগাদকৃত স্ব-স্ব ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর খেলাপী ঋণ গ্রহীতা তালিকার সহিত "ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB) কর্তৃক সরবরাহকৃত ঋণ খেলাপ সংক্রান্ত তথ্য মিলাইয়া দেখিবার ব্যবস্থা করিবেন এবং প্রয়োজনবোধে নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারকে আবশ্যক তথ্য সরবরাহ করিবেন।

০৭. ঋণ খেলাপ সম্পর্কিত তথ্যের নির্ভুলতার সম্পূর্ণ দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর শাখা ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তার উপর বর্তাইবে। ভুল তথ্য পরিবেশনে কিংবা ঋণ খেলাপ সম্পর্কিত তথ্য উপস্থাপনে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০৮. সকল ব্যাংক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হইতে উহা বাছাই সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সময়কাল (সরকারী/সাপ্তাহিক ছুটি এবং অফিস সময়ের পরে হইলেও) নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকিবেন এবং রিটার্নিং অফিসার কোন তথ্য কিংবা সহায়তা চাহিলে তাহা প্রদান করিবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(অরিজিৎ চৌধুরী)
অতিরিক্ত সচিব
ফোন: ৯৫৯২৪৫০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা (অধীনস্থ সকল ব্যাংককে অবহিত করার অনুরোধসহ)।
৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ (অধীনস্থ সকল জেলা প্রশাসককে অবহিত করার অনুরোধসহ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক/সিইও,

৮। জেলা প্রশাসক, ---(সকল)
৯। রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।